

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
কাকরাইল, ঢাকা - ১০০০।

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.০৬.২২৮.০৫. ১২০২

তারিখঃ- ১২/০৩/ ২০২৬ খ্রিঃ।

অফিস আদেশ

বিষয়ঃ- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অনুন্নয়ন/রাজস্ব বাজেট এবং উন্নয়ন বাজেটের আওতায় ভেরিয়েশন অর্ডার প্রক্রিয়াকরণের জন্য “ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee)” গঠন প্রসঙ্গে।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অনুন্নয়ন/রাজস্ব বাজেট এবং উন্নয়ন বাজেটের আওতায় ভেরিয়েশন অর্ডার প্রক্রিয়াকরণের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধামালা ২০২৫ এর বিধি ১৫ অনুসারে নিম্নরূপ “ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee)” গঠন করা হলো।

১। ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তদূর্ধ্ব পর্যায়ে অনুমোদনযোগ্য ভেরিয়েশন এর ক্ষেত্রেঃ

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে পদবী
১.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী / প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট সার্কেল/সংশ্লিষ্ট প্রকল্প)	সভাপতি
২.	ক্রয়কারী নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয় বহির্ভূত কোন সংস্থার প্রতিনিধি (৫ম গ্রেডের নীচে নয়) *	সদস্য
৩.	নির্বাহী প্রকৌশলী/ ক্রয়কারী/ উপ-প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট জেলা/সংশ্লিষ্ট প্রকল্প)	সদস্য - সচিব

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী পর্যায়ে অনুমোদনযোগ্য ভেরিয়েশন এর ক্ষেত্রেঃ

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে পদবী
১.	নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা)	সভাপতি
২.	ক্রয়কারী নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয় বহির্ভূত কোন সংস্থার প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়) *	সদস্য
৩.	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক (সংশ্লিষ্ট জেলা/সংশ্লিষ্ট প্রকল্প/সংশ্লিষ্ট উপজেলা) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে সদস্য নির্ধারন করতে হবে]	সদস্য-সচিব

৩। প্রকল্প পরিচালক পর্যায়ে অনুমোদনযোগ্য ভেরিয়েশন এর ক্ষেত্রেঃ

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে পদবী
১.	নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট জেলা/সংশ্লিষ্ট প্রকল্প)	সভাপতি
২.	ক্রয়কারী নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয় বহির্ভূত কোন সংস্থার প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়) *	সদস্য
৩.	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক (সংশ্লিষ্ট জেলা/সংশ্লিষ্ট প্রকল্প/সংশ্লিষ্ট উপজেলা) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে সদস্য নির্ধারন করতে হবে]	সদস্য-সচিব

*অর্পিত ক্রয়কার্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে মনোনীত প্রতিনিধি এবং অন্যান্য কাজের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/পিডিবি/ডিপিডিসি/ডেসকো/অনুরূপ প্রকৌশল সংস্থার এর প্রতিনিধি।

- ২। উক্ত কমিটি পিপিআর ২০২৫ এর সংশ্লিষ্ট বিধি - বিধান চুক্তির শর্তাবলী, ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত সরবরাহ আদেশের পরিপ্রেক্ষিতে পর্যালোচনা সহ ভেরিয়েশন মূল্য/অতিরিক্ত আদেশ সংশ্লিষ্ট মূল্যের যথার্থতা প্রতিপাদন পূর্বক সুপারিশসহ প্রতিবেদন সংশ্লিষ্ট অনুমোদনকারীর নিকট পেশ করবেন।
- ৩। উল্লেখ্য, ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর নিম্নপর্যায়ের কোন কর্তৃপক্ষের ক্ষেত্রে এবং প্রস্তাবিত ভেরিয়েশনের ন্যূন মূল চুক্তিমূল্যের শতকরা ৫ (পাঁচ) ভাগের কম (তফসিল-২ এর বিধি-৫০(২০)) এর ক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটির প্রতিবেদন গ্রহণের বাধ্যবাধকতা থাকবে না।
- ৪। অফিস আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আবদুল আউয়াল)
প্রধান প্রকৌশলী

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.০৬.২২৮.০৫. ২২০২

তারিখঃ-০২/১০/১৬ ২০২৬ খ্রিঃ।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৩। নির্বাহী প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৪। সহকারী প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী / প্রাক্কলনিক (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৬। অফিস কপি।

(মোঃ আবদুল আউয়াল)
প্রধান প্রকৌশলী